

- ১। সমার্থক ।
২। নিম্নরেখ শব্দগুলির পরিবর্তে সমার্থক শব্দ বসিয়ে বাক্যগুলি পূরণ করো :
(ক) তিনি দুদিন জল পান করে কাটালেন।
(খ) দিবস রজনি আমি যেন কার আশায় আশায় থাকি।
(গ) আমার সঙ্গে তার এখন অহি নকুল সম্পর্ক।
(ঘ) খোল খোল দ্বার রাখিও না আর বাহিরে আমারে দাঁড়ায়ে।
(ঙ) রুবি করে জ্বালতন আছিল সবাই।
(চ) দেহ রণ মোরে অবিলম্বে।
(ছ) কচি মালতির কাঁচা দলগুলি আনমনে কাটে দশনে।

৩। চিক উত্তরটি বেছে নাও :

গৃহ—বাগিচা/বাসা/ঘর।

অতিথি—বন্ধু/আত্মীয়/আগন্তুক।

গুরু—আচার্য/শিক্ষক/অগ্রজ।

মুখ—আনন/কানন/কান্তার।

মৌমাছি—মধুপ/বোলতা/ভুমর।

পৃথিবী—ধরনী/নভ/কান্তার।

২. প্রভাত হইবামাত্র যুদ্ধ আরম্ভ হইল। ক্লাইভ, উৎকঠিত চিষ্টে মীরজাফরের ও তদীয়া সৈন্যের আগমনের প্রতীক্ষা করিতে লাগিলেন, কিন্তু তখন পর্যন্ত তাঁহার ও তদীয়া সৈন্যের কোন চিহ্ন দেখা গেল না। যুদ্ধ ক্ষেত্রে নবাবের পঞ্জাদশ সহস্র অশ্বারোহ ও পঞ্চত্রিংশৎ সহস্র পদাতিক সৈন্য উপস্থিত হইয়াছিল। কিন্তু তিনি স্বয়ং চাটুকারবর্গে বেষ্টিত হইয়া, সকলের পশ্চাদভাগে তাঁবুন মধ্যে ছিলেন। মীরমদন নামক এক সেনাপতি যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। বেলা প্রায় দুই প্রহরের সময় কামানের গোলা লাগিয়া, সেনাপতি মীরমদনের দুই পা উড়িয়া গেল। তিনি তৎক্ষণাত্মে নবাবের তাঁবুতে নীত হইলেন এবং তাঁহার সম্মুখেই প্রাণত্যাগ করিলেন।

প্রশ্ন ১। ক্লাইভ কাদের আগমনের প্রতীক্ষা করছিলেন ?

২। যুদ্ধক্ষেত্রে নবাবের পক্ষে কতজন সৈন্য উপস্থিত ছিল ?

৩। যুদ্ধের সময় নবাব তাঁবুর মধ্যে কী করছিলেন ?

৪। যুদ্ধে মীরমদনের কী পরিণতি ঘটল ?

৫। "পঁয়ত্রিশ" শব্দটির সমানার্থক শব্দ অনুচ্ছেদে কোনটি ?



Scanned with CamScanner